দৈনিক জনকণ্ঠ

তারিখ MAY 5 1999
পৃঃ ২০ কলাম ১

482

# সাইবার ক্রাইমের বিরুদ্ধে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রচার আন্দোলন গড়ে তুলবে

**স্টাফ রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সাইবার-ক্রাইমের বিরুদ্ধে প্রচার আন্দোলন গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে। এই বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী চেরনোবিল ভাইরাসে আক্রান্ত কম্পিউটারের হারিয়ে যাওয়া তথ্য পুনরুদ্ধার সফটওয়্যার উদ্ভাবনের পর এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। করোনা ইনফরমেশন টেকনোলজি লিমিটেড নামের একটি প্রতিষ্ঠান ১০টি ই-মেইল ওপেন না করার এবং অন্য কারও কাছে ফরওয়ার্ড না কারার জন্য কম্পিউটার ব্যবহারকারীদের সতর্ক করে বলেছে, তা করা হলে হার্ড ড্রাইভের সব কিছু মুছে যেতে পারে। জেনেটিক কম্পিউটার স্কুল আজ সোমবার তিরামিসু ডাটা রিকভারি সফটওয়্যার বিনা মূল্যে ফ্রি কপি করে দেবে বলে জানিয়েছে।

বাসস জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরী বলেছেন, সব ধরনের সাইবার-ক্রাইম প্রতিরোধ করতে আমরা দেশের সকল একাডেমিক কম্পিউটার নেটওয়ার্ক ও অন্যান্য সিস্টেমকে সহায়তা প্রদানের সিদ্ধান্ত নিয়েছি।

অধ্যাপক চৌধুরী বাসসকে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় এ ব্যাপারে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়সহ কম্পিউটার সংক্রান্ত সংস্থাগুলোকে সহায়তা করতে প্রস্তুত। বিশেষ করে উন্নয়নশীল দেশগুলোতে এ্যান্টি-ভাইরাস প্রতিরোধ ব্যবস্থা দুর্বল বলেও তিনি উল্লেখ করেন।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স বিভাগের ছাত্র মনিরুল ইসলাম শরীফ বিশ্বব্যাপী চেরনোবিল ভাইরাসে ক্ষতিগ্রস্ত কম্পিউটারের তথ্য-উপাত্ত পুনরুদ্ধারের ক্ষমতা সম্পন্ন 'এম-রিকভারি' সফটওয়্যার উদ্ভাবন করেছে। সফটওয়্যারটি বিনা মূল্যে পার্সোনাল কম্পিউটার ব্যবহারকারীদের মধ্যে বিতরণ করা হবে।

উপাচার্য অধ্যাপক আজাদ চৌধুরী বলেন, শরীফের এই কৃতিত্বে আমরা অত্যন্ত আনন্দিত ও গর্বিত। আমরা অসাধারণ কৃতিত্বের জন্য ওকে পুরস্কৃত করব। আনুষ্ঠানিক শিক্ষা থেকে শরীফকে ফ্যাকাল্টি সদস্য হিসাবে পেতে আমরা আগ্রহী। গত বছর বিশ্বব্যাপী এক ইন্টারনেট প্রতিযোগিতায় শরীফ প্রথম হয়েছিল বলেও তিনি জানান।

### কম্পিউটার ব্যবহারকারীরা সাবধান!

করোনা ইনফরমেশন টেকনোলজি লিমিটেড নামের একটি কম্পিউটার ফার্ম ১০টি ই-মেইল ওপেন না করার এবং অন্য কারও কাছে ফরওয়ার্ড না করার জন্য কম্পিউটার ব্যবহারকারীদের সতর্ক করে দিয়েছে। করোনার নির্বাহী পরিচালক এম শামিমুজ্জামান শনিবার এক বিবৃতিতে জানান, তা করা হলে কম্পিউটারের হার্ড ড্রাইভের সব কিছু মুছে যাবে। এগুলো নতুন এবং অত্যন্ত ক্ষতিকর ভাইরাস। এই ই-মেইলগুলো হলো ঃ 'ইট টেকস গাইস টু সে জেসাস', 'স্পেশাল অফার!', 'হ্যালো ডিজনী ফ্যানস', 'ডিয়ার এওএল কমিউনিটি মেম্বার্স', 'স্পের্টান হর্স', 'বাগল্লি স্ক্রীনসেভার', 'উইন্ডোজ ৯৮ ওয়ার্নিং', 'হ্যাপি এক্স', 'আইই ০১৯৯. এক্স' এবং 'পিকচার এক্স'।

এদিকে সিঙ্গাপুর জেনিটিক কম্পিউটার স্কুলের মোহাম্মদপুর সেন্টার সোমবার সকাল ১০টা থেকে ১০ মে পর্যন্ত আগ্রহী সবাইকে সিআইএইচ, মেলবার্গসহ অত্যাধুনিক ভাইরাস চিহ্নিত ও নির্মূল করতে সক্ষম ম্যাকফি ভাইরাস স্ক্যান ৪০২-এর ম্যাজিক ডিস্ক এবং তিরামিসু ডাটা রিকভারি সফটওয়্যার ফ্রি কপি করে দেবে বলে ঘোষণা করেছে। আগ্রহীদেরকে নিম্ন ঠিকানায় যোগাযোগ করতে বলা হয়েছে ঃ জেনিটিক কম্পিউটার স্কুল, মোহাম্মদপুর সেন্টার, ১/১১, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। ফোন ঃ ৮১৪৫১৩, ৯১২০১৯৫।